

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক),সিলেট

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
৫ম উপজেলা পরিষদ নির্বাচন, ২০১৯

গণ-বিজ্ঞপ্তি


যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছে :-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র / অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৮ ফেব্রুয়ারি ২০১৯ ----- (সোমবার) ০৬ ফাল্গুন ১৪২৫
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২০ ফেব্রুয়ারি ২০১৯ ----- (বুধবার) ০৮ ফাল্গুন ১৪২৫
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৭ ফেব্রুয়ারি ২০১৯ ----- (বুধবার) ১৫ ফাল্গুন ১৪২৫
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	১৮ মার্চ ২০১৯ ----- (সোমবার) ০৪ চৈত্র ১৪২৫

২।এক্ষণে, সেহেতু, আমি সন্দীপ কুমার সিংহ, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), সিলেট ও রিটার্নিং অফিসার, সিলেট সদর, বিশ্বনাথ, ফেঞ্চুগঞ্জ, বালাগঞ্জ, কোম্পানীগঞ্জ ও কানাইঘাট উপজেলা পরিষদ উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, সিলেট সদর, বিশ্বনাথ, ফেঞ্চুগঞ্জ, বালাগঞ্জ, কোম্পানীগঞ্জ ও কানাইঘাট উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়ে [অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), সিলেট এর কার্যালয়] এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সিলেট সদরের ক্ষেত্রে উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়েও) আগামী ১৮ ফেব্রুয়ারি ২০১৯/ ০৬ ফাল্গুন ১৪২৫ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে।

৩। উল্লেখ্য যে, সরাসরি মনোনয়নপত্র দাখিলের পাশাপাশি অনলাইনে মনোনয়নপত্র দাখিলের সুযোগ রয়েছে।

তারিখ : ০৭ দিন ০২ মাস ২০১৯ বৎসর


সন্দীপ কুমার সিংহ
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), সিলেট
ও
রিটার্নিং অফিসার

নম্বর: ০৫.৪৬.৯১০০.০০২.৯৯.০০১.১৯.০৬(১৮)

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
- ৩) উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট
- ৪) পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট
- ৫) জেলা প্রশাসক, সিলেট
- ৬) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
- ৭) পুলিশ সুপার, সিলেট
- ৮) অধিনায়ক, বিজিবি, সিলেট
- ৯) অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট
- ১০) উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর/বিশ্বনাথ/ ফেঞ্চুগঞ্জ/ বালাগঞ্জ/ কোম্পানীগঞ্জ/কানাইঘাট, সিলেট ও সহকারী
রিটার্নিং অফিসার [গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল]
- ১১) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সিলেট
- ১২) সিনিয়র জেলা তথ্য অফিসার, সিলেট [গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল]
- ১৩) উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর ও সহকারী রিটার্নিং অফিসার [গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য
অনুরোধ করা হল]
- ১৪) উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর/ বিশ্বনাথ/ ফেঞ্চুগঞ্জ/ বালাগঞ্জ/ কোম্পানীগঞ্জ/কানাইঘাট, সিলেট
- ১৫) অফিসার ইন চার্জ, -----থানা, সিলেট (সকল)
- ১৬) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, -----, সিলেট (সকল)
- ১৭) সভাপতি/ সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, সিলেট
- ১৮) নোটিশ বোর্ড

১ ০৭.০২.১৯

সন্দীপ কুমার সিংহ
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক),সিলেট
ও
রিটার্নিং অফিসার
ফোন-০৮২১-৭১৪১২০